

১৯ নভেম্বর ২০১৮,

বেরোবিতে ৫ম ব্যাচের ব্যবসায়িক পরিকল্পনা বিষয়ক কর্মশালা শুরু

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বেরোবি) নারী শিক্ষার্থীদের পঞ্চম ব্যাচের দুই দিনব্যাপী ব্যবসায়িক পরিকল্পনা বিষয়ক কর্মশালা শুরু হয়েছে। সোমবার (১৯ নভেম্বর) সকালে ব্র্যাক লার্নিং সেন্টার রংপুরে এই কর্মশালার উদ্বোধন করা হয়। আনুষ্ঠানিকভাবে এই কর্মশালার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ডক্টর নাজমুল আহসান কলিমউল্লাহ।

উদ্বোধনী বক্তব্যে তিনি বলেন, ‘ব্র্যাক বিশ্ববিদ্যালয় সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস-এর ধারাবাহিকভাবে চলা কর্মশালায় আজ অংশগ্রহণ করছে নারী শিক্ষার্থীদের পঞ্চম ব্যাচ। দুই দিনব্যাপী এই কর্মশালা থেকে যে দক্ষতা শিক্ষার্থীরা অর্জন করবে তা সঠিকভাবে অনুশীলন করার এবং অন্য নারী শিক্ষার্থীদের এই বিষয়ে অনুপ্রাণিত করার আহ্বান জানান তিনি। পরে আয়োজক প্রতিষ্ঠানের প্রতিনিধিবর্গকে ধন্যবাদ জানান তিনি।’

ব্র্যাক বিশ্ববিদ্যালয় সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস-এর আয়োজনে এবং ইউএন ওমেন এর সার্বিক সহযোগিতায় অনুষ্ঠিত এই কর্মশালার পরিচালনা করেন প্রতিষ্ঠানটির উদ্যোক্তা বিশেষজ্ঞ পারভিন এস হুদা, সহ প্রশিক্ষক মোহসিনা আশরাফ এবং প্রতিষ্ঠানটির কর্মকর্তা সাকিব আলম। এতে অংশ নেয় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ড. ওয়াজেদ রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউটসহ ২১টি বিভাগের বাছাইকৃত নারী শিক্ষার্থীবৃন্দ।